

প্রলয়-নাচন নাচলে যখন আপন ভুলে
হে নটরাজ, জটার বাঁধন পড়ল খুলে ॥
জাহ্নবী তাই মুক্তধারায় উন্মাদিনী দিশা হারায়,
সঙ্গীতে তার তরঙ্গদল উঠল দুলে ॥
রবির আলো সাড়া দিল আকাশ-পারে ।
শুনিয়ে দিল অভয়বাণী ঘর-ছাড়ারে ।
আপন স্রোতে আপনি মাতে, সাথি হল আপন-সাথে,
সব-হারা সে সব পেল তার কূলে কূলে ॥

Parjaay: Bichitro, Taal: Dadra, Raag: Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail